# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৪.২৪.১৪০ তারিখ: ২৫ মার্চ ২০২৬ খ্রি.

**বিষয়: ০১ বছর মেয়াদি 'সার্টিফিকেট কোর্স' শিক্ষাক্রমের 'প্রবিধান- ২০২৬' চালুকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অধিভুক্ত ০১ বছর মেয়াদি 'সার্টিফিকেট কোর্স' শিক্ষাক্রমের 'প্রবিধান- ২০২৬' চূড়ান্ত করা হয়েছে এবং সে মোতাবেক এ শিক্ষাক্রমের কোর্স স্ট্রাকচারও পরিমার্জন করা হয়েছে। বোর্ডের ওয়েবসাইটে আপলোডকৃত প্রবিধান- ২০২৬ ও পরিমার্জিত কোর্স স্ট্রাকচার (সিলেবাসের সাথে সংযুক্ত) ২০২৬-২০২৭ সেশন থেকে কার্যকর হবে। বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

লিংক: https://drive.google.com/drive/folders/1gxgCf1_dAQF74lZ2wjvKRXUso5HPhDcU

২৫.০৩.২৬

**(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)**
পরিচালক (কারিকুলাম)
ফোন: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল: bteb.director@gmail.com

পরিচালক
০১ বছর মেয়াদি 'সার্টিফিকেট কোর্স' শিক্ষাক্রম পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৪.২৪.১৪০ তারিখ: ২৫ মার্চ ২০২৬ খ্রি.
সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৩. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৪. উপপরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬. উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স) অ.দা., বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৭. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. নথি।

**(মোঃ মাছুম বিল্লাল সরদার)**
কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স)অঃদাঃ
মোবাঃ ০১৭৯৩২৬৩৬৫১
ইমেইল: shortcourse128.bteb@gmail.com

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

www.bteb.gov.bd

০১ (এক) বছর মেয়াদি

## সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম

[কারিকুলাম কোড: ৮১]

প্রবিধান-২০২৬

(২০২৬-২০২৭ সেশন থেকে কার্যকর)

## সার্টিফিকেট কোর্স শিক্ষাক্রম প্রবিধান- ২০২৬

**১. নাম, মেয়াদ ও কাঠামো:**

১.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ এর তফসিলভূক্ত এ শিক্ষাক্রমের নাম হবে 'সার্টিফিকেট কোর্স' এবং সনদপত্রের নাম হবে ইংরেজিতে Certificate in (সংশ্লিষ্ট ট্রেডের নাম);

১.২ পরিশিষ্ট 'ক' -তে বর্ণিত সার্টিফিকেট কোর্সসমূহ এ শিক্ষাক্রমের আওতাধীন থাকবে এবং এ শিক্ষাক্রমের মেয়াদ হবে এক বৎসর, যা ১ম ও ২য় (সেমিস্টার) পর্বে বিভক্ত করে বাস্তবায়ন করা হবে। এ শিক্ষাক্রমের সেশন শুরু হবে প্রতিবছর জুলাই- জুন;

১.৩ প্রতি পর্বের (সেমিস্টারের) অধ্যয়নকাল হবে পর্ব সমাপনী পরীক্ষানুষ্ঠানসহ ১৬-১৮ কার্যসপ্তাহ এবং প্রতি কার্যসপ্তাহ হবে ০৫ কার্যদিবস। প্রতি সপ্তাহে ৩০-৩৫ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে এবং প্রতি পিরিয়ডের সময় হবে ৫০ মিনিট;

১.৪ দ্বিতীয় পর্ব (সেমিস্টার) পর্ব সমাপনী পরীক্ষার পরে ০৮ সপ্তাহ মেয়াদি ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্টার্নশীপ/অন জব ট্রেনিং)-এ নিয়োজিত রাখতে হবে;

১.৫ ট্রেড পাঠ্যসূচিতে বর্ণিত বিষয়সমূহ এবং উহার সাপ্তাহিক পিরিয়ড ও মানবণ্টন অনুযায়ী শিক্ষাক্রম/কোর্স পরিচালিত হবে;

১.৬ প্রথম ও দ্বিতীয় পর্ব সমাপনী পরীক্ষা বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রের মাধ্যমে বোর্ড কর্তৃক গৃহীত ও মূল্যায়িত হবে। বোর্ড কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে ১ম ও ২য় পর্বের ক্লাস সমাপনান্তে পর্ব সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে;

১.৭ এ শিক্ষাক্রমের পাঠ্যসূচি বিন্যাসে পাঠ্যবিষয়ের তত্ত্বীয় ও ব্যবহারিক অংশের সাপ্তাহিক ক্লাসকে যথাক্রমে T (থিওরী) ও P (প্র্যাকটিক্যাল) দ্বারা বুঝানো হবে এবং সপ্তাহে প্রতি এক পিরিয়ডের তত্ত্বীয় ক্লাসের জন্য এক ক্রেডিট আওয়ার ও প্রতি তিন পিরিয়ডের ব্যবহারিক ক্লাসের জন্য এক ক্রেডিট আওয়ার নির্ধারিত হবে। এক ক্রেডিট আওয়ার -এর মান হবে ৫০ নম্বর।

**২. ভর্তির নিয়মাবলী:**

২.১ এ শিক্ষাক্রমে ভর্তি হওয়ার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাস। ভর্তি/রেজিস্ট্রেশনের সময় মূল সদনপত্র/মূল নম্বরপত্র জমা দিতে হবে; .

২.২ বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কমিটির সুপারিশকৃত নীতিমালা অনুসারে ১ম পর্বে শিক্ষার্থী ভর্তি করা হবে;

২.৩ ভর্তির ক্ষেত্রে বয়স ও পাসের সন শিথিলযোগ্য।

**৩. নিবন্ধন:**

৩.১ এ শিক্ষাক্রমে ক্লাস শুরুর ৬০ দিনের মধ্যে নিবন্ধন করতে হবে;

৩.২ নিবন্ধনের মেয়াদ হবে ভর্তি শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ। কোন শিক্ষার্থী শিক্ষা কার্যক্রমের পরিপন্থি কোন কাজ করলে রেজিস্ট্রেশন স্থগিত/বাতিল করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড সংরক্ষণ করবে;

৩.৩ আসন সংখ্যা ড্রপ-আউটসহ সর্বোচ্চ ৫০ জন। ন্যূনতম ১০ জন শিক্ষার্থী না হলে নিবন্ধন করা যাবে না;

৩.৪ তিন শিক্ষাবর্ষ পর কোন শিক্ষার্থী বিশেষ কারণে এ শিক্ষাক্রমে অধ্যয়ন করতে চাইলে তাকে বোর্ড নির্ধারিত রিটেনশন ফি (সংযোগ রক্ষাকারী ফি) দিয়ে নিবন্ধন নবায়ন করতে হবে। এ নবায়নের মেয়াদ হবে এক বছর। এ সুযোগ শুধুমাত্র একবারই গ্রহণ করা যাবে।

**৪. মূল্যায়ন প্রক্রিয়া ও পর্বের গুরুত্ব:**

৪.১ এ কোর্সে কৃতকার্য শিক্ষার্থীদের সনদপত্র প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সার্টিফিকেট কোর্সের পর্বের GPA **এর** গুরুত্ব হবে ১ম পর্ব ৫০% ও ২য় পর্ব ৫০%;

**৪.২ গ্রেডিং পদ্ধতি (The Grading System):**

প্রতি পর্বে একজন শিক্ষার্থী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে লেটার গ্রেড এবং তার বিপরীতে গ্রেড পয়েন্ট (GP) অর্জন করবে। নিম্নবর্ণিত নিয়মে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে লেটার গ্রেড এবং তার বিপরীতে গ্রেড পয়েন্ট প্রদান করা হবে:

| শ্রেণি ব্যাপ্তি | লেটার গ্রেড | গ্রেড পয়েন্ট (GP) |
|---|---|---|
| ৮০% এবং এর উপর | $A^+$ | 4.00 |
| ৭০% থেকে ৭৯% | A | 3.50 |
| ৬০% থেকে ৬৯% | $A^-$ | 3.00 |
| ৫০% থেকে ৫৯% | B+ | 2.50 |
| ৪০% থেকে ৪৯% | B | 2.00 |
| ৪০% এর নিচে | F | 0.00 |

### ৪.৩ গড় গ্রেড পয়েন্ট হিসাব পদ্ধতি (Calculation of GPA):

নমুনা হিসেবে নিম্নে একজন শিক্ষার্থীর প্রাপ্ত নম্বর ভিত্তিক GPA হিসাব পদ্ধতি দেখানো হল:

৪.৩.১ প্রথম পর্বের GPA হিসাব:

| SL | Code | Subject Name | T | P | C | লেটার গ্রেড | গ্রেড পয়েন্ট (GP) | (C×GP) |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | 11811 | Fundamentals of Caregiving | 2 | 3 | 3 | A | 3.50 | 10.50 |
| 2. | 11812 | Basic English for Caregivers | 2 | 3 | 3 | $B^+$ | 2.50 | 7.50 |
| 3. | 11813 | Occupational Safety and Infection Prevention | 2 | 3 | 3 | $B^+$ | 2.50 | 7.50 |
| 4. | 11814 | Activities of Daily Living (ADLs) and Housekeeping | 2 | 3 | 3 | $A^+$ | 4.00 | 12.00 |
| 5. | 11815 | Nutrition and Feeding Assistance | 2 | 3 | 3 | B | 2. 00 | 6.00 |
| 6. | 11816 | First Aid and Emergency Response | 2 | 3 | 3 | A | 3.50 | 10.50 |
| | | | | ∑C= | 18 | | ∑C×GP= | 54.00 |

$$GPA = \frac{\sum C \times GP}{\sum C} = \frac{54}{18} = 3.00$$

৪.৩.২ দ্বিতীয় পর্বের GPA হিসাব:

| SL | Code | Subject Name | T | P | C | লেটার গ্রেড | গ্রেড পয়েন্ট (GP) | (C×GP) |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | 11821 | Essential Clinical Skills for Caregivers | 2 | 6 | 4 | A | 3.50 | 14.00 |
| 2. | 11822 | Elderly Care and Dementia Support | 2 | 6 | 4 | $B^+$ | 2.50 | 10.00 |
| 3. | 11823 | Childcare and Developmental Support | 2 | 6 | 4 | $B^+$ | 2.50 | 10.00 |
| 4. | 11824 | Disability and Rehabilitation Support | 2 | 6 | 4 | $A^+$ | 4.00 | 16.00 |
| 5. | 11825 | Palliative and End-of-Life Care | 2 | 6 | 4 | A | 3.50 | 14.00 |
| 6. | 11826 | Internship (2 months in mixed care settings) | - | 6 | 2 | $B^+$ | 2.50 | 5.00 |
| | | | | ∑C= | 22 | | ∑C×GP= | 69.00 |

$$GPA = \frac{\sum C \times GP}{\sum C} = \frac{69}{22} = 3.14$$

### 8.8 CGPA (Cumulative Grade Point Average) হিসাব পদ্ধতি:

| পর্ব | পর্ব ভিত্তিক GPA | গুরুত্ব | গুরুত্ব অনুযায়ী অংশ |
|---|---|---|---|
| ১ম | 3.00 | 50% | 1.50 |
| ২য় | 3.14 | 50% | 1.57 |

So, the final CGPA

$= 3.00 \times 50\% + 3.14 \times 50\%$

$= 3.00 \times \frac{1}{2} + 3.14 \times \frac{1}{2}$

$= 1.50 + 1.57$

$= 3.07$

৪.৫ কোন শিক্ষার্থী কোন বিষয়ে মোট অনুষ্ঠিত ক্লাসের শতকরা ৮০ ভাগ ক্লাসে উপস্থিত না থাকলে তাকে পর্ব মধ্য এবং পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করার অনুমতি দেয়া হবে না। তবে অসুস্থতা বা অন্য কোন গ্রহণযোগ্য কারণে ইন্সটিটিউটের শিক্ষা বিষয়ক পরিষদ সর্বোচ্চ শতকরা ১০ ভাগ উপস্থিতি মওকুফ করতে পারবে। পর্ব মধ্য/পর্ব সমাপনী পরীক্ষার ক্ষেত্রে পর্ব মধ্য পরীক্ষা/ফরম পূরণের দিন পর্যন্ত অনুষ্ঠিত ক্লাসের ভিত্তিতে হাজিরা হিসাব করতে হবে। নির্ধারিত হাজিরা না থাকার কারণে যারা পর্ব মধ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না, তাদের পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের কোন সুযোগ থাকবে না;

৪.৬ কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ অথবা শিক্ষা বিষয়ক পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে পর্ব সমাপনী পরীক্ষায় ফরম পূরণে ব্যর্থ হলে যে পর্বে ব্যর্থ হয়েছে পরবর্তী সংশ্লিষ্ট পর্বে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে পুনরায় ভর্তি হয়ে অধ্যয়ন করার সুযোগ পাবে;

৪.৭ তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের মোট নম্বরের ৬০% নম্বর পর্ব সমাপনী পরীক্ষা (চূড়ান্ত মূল্যায়ন) এবং ৪০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে। ব্যবহারিক বিষয়/বিষয়াংশের মোট নম্বরের ৫০% নম্বর পর্ব সমাপনী পরীক্ষা এবং ৫০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে;

৪.৮ পর্ব সমাপনী পরীক্ষায় এবং ধারাবাহিক মূল্যায়নে সকল তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশে পৃথক পৃথকভাবে পাস করতে হবে;

৪.৯ পর্ব সমাপনী পরীক্ষায় এবং ধারাবাহিক মূল্যায়নের তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের পাস নম্বর হবে শতকরা ৪০;

৪.১০ শিক্ষার্থী ধারাবাহিক মূল্যায়নে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় বিষয়/বিষয়াংশে পৃথকভাবে পাস নম্বর পেলে ১ম ও ২য় পর্বের সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করার যোগ্য বলে বিবেচিত হবে।

**৫. ধারাবাহিক মূল্যায়ন:**

৫.১ তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন হবে;

৫.২ সকল পর্বে তাত্ত্বিক ধারাবাহিক মূল্যায়নের নম্বর পর্ব মধ্য পরীক্ষা, ক্লাস টেস্ট, কুইজ টেস্ট, অ্যাসাইনমেন্ট ও উপস্থাপনা, পরিস্কার পরিচ্ছন্নতা ও আচরণ ও উপস্থিতির জন্য নির্ধারিত থাকবে। ন্যূনতম ০২ (দুই) টি ক্লাস টেস্ট ও ০২ (দুই) টি কুইজ টেস্ট অনুষ্ঠিত হবে। সকল পর্বে প্রতিটি বিষয়ের তাত্ত্বিক অংশের ধারাবাহিক মূল্যায়নের নম্বর বিন্যাস হবে নিম্নরূপ:

| মূল্যায়নের ক্ষেত্র | শতকরা |
|---|---|
| পর্ব মধ্য পরীক্ষা | ৫০% |
| ক্লাস টেস্ট (শ্রেণি অভিক্ষা) | ১৬% |
| কুইজ টেস্ট (স্বল্প সময়ে ও অঘোষিত শ্রেণি পরীক্ষা) | ১০% |
| অ্যাসাইনমেন্ট ও উপস্থাপনা | ১০% |
| পরিস্কার পরিচ্ছন্নতা ও আচরণ | ৪% |
| উপস্থিতি * | ১০% |
| মোট= | ১০০% |
| * উপস্থিতি হার নির্ধারণ | |
| ৯৫%-১০০% | ১০% |
| ৯০%-৯৪% | ৯% |
| ৮৫%-৮৯% | ৮% |
| ৮০%-৮৪% | ৭% |

৫.৩ ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নের নম্বর জব/এক্সপেরিমেন্ট, জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট, মৌখিক পরীক্ষা, পরিস্কার পরিচ্ছন্নতা ও আচরণ এবং উপস্থিতির জন্য নির্ধারিত থাকবে। সকল পর্বের প্রতিটি বিষয়ের ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়নের নম্বর বিন্যাস হবে নিম্নরূপ:

| মূল্যায়নের ক্ষেত্র | শতকরা |
|---|---|
| জব/এক্সপেরিমেন্ট | ৫০% |
| জব/এক্সপেরিমেন্ট রিপোর্ট | ২৫% |
| মৌখিক পরীক্ষা | ১০% |
| পরিস্কার পরিচ্ছন্নতা ও আচরণ | ৫% |
| উপস্থিতি* | ১০% |
| মোট= | ১০০% |
| *উপস্থিতি হার নির্ধারণ | |
| ৯৫%-১০০% | ১০% |
| ৯০%-৯৪% | ৯% |
| ৮৫%-৮৯% | ৮% |
| ৮০%-৮৪% | ৭% |

৫.৪ প্রতি পর্বের প্রাতিষ্ঠানিক শিক্ষার ৮ম/৯ম সপ্তাহে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশে শিক্ষা প্রতিষ্ঠান পর্বমধ্য পরীক্ষা গ্রহণ করতে হবে;
৫.৫ প্রতিষ্ঠান প্রধান বা তাঁর মনোনিত শিক্ষক পর্বমধ্য পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন। তিনি পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে পরীক্ষার তারিখ ঘোষণা করবেন;
৫.৬ পর্বমধ্য পরীক্ষার সময় হবে এক ক্রেডিট বিশিষ্ট বিষয়ের জন্য এক ঘন্টা ও একাধিক ক্রেডিট বিশিষ্ট বিষয়ের জন্য দেড় ঘন্টা;
৫.৭ পর্বমধ্য পরীক্ষার জন্য বিষয়ভিত্তিক শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন করবেন। একের অধিক শিক্ষক একই বিষয়ে শিক্ষাদান করে থাকলে প্রতিষ্ঠান প্রধানের নির্দেশক্রমে প্রত্যেকে আলাদাভাবে অথবা সকলে সম্মিলিতভাবে প্রশ্নপত্র প্রণয়ন করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন;
৫.৮ বিষয়ভিত্তিক শিক্ষক প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনিত এক/দুই জন শিক্ষকসহ গঠিত কমিটির প্রধান হিসেবে প্রশ্নপত্র মডারেশন করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন। প্রতিষ্ঠান/ইন্সটিটিউট কর্তৃপক্ষ পর্বমধ্য পরীক্ষার প্রশ্নপত্র সংরক্ষণ করবেন;
৫.৯ পর্বমধ্য পরীক্ষার উত্তরপত্র সাধারণত শ্রেণি শিক্ষক মূল্যায়ন করবেন। একই বিষয়ে একাধিক শিক্ষক থাকলে উত্তরপত্র বিষয় শিক্ষকদের মধ্যে পরিবর্তন করে দেয়া যেতে পারে;
৫.১০ মূল্যায়িত উত্তরপত্র নম্বরসহ নিরীক্ষার জন্য প্রতিষ্ঠান প্রধান বা তাঁর মনোনীত শিক্ষকদের নিকট জমা দিবেন;
৫.১১ পর্বমধ্য পরীক্ষার প্রশ্নপত্র, মূল্যায়িত ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড পর্ব সমাপনী পরীক্ষা শেষ হওয়ার তারিখ হতে ছয় মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং নির্দেশিত হলে উহা বোর্ডে প্রেরণ করতে হবে। অগ্রগতি কার্ডে ধারাবাহিক নম্বর প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;
৫.১২ মূল্যায়িত উত্তরপত্র শিক্ষার্থীকে দেখানোর ব্যবস্থা করতে হবে। বিষয় শিক্ষক পর্বমধ্য পরীক্ষার পরীক্ষিত উত্তরপত্র সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে দেখানোর পর নম্বর তালিকাসহ ইন্সটিটিউট প্রধানের নিকট জমা দিবেন;
৫.১৩ ক্লাস টেস্টের স্থান ও সময়সূচি শিক্ষক পূর্বেই ঘোষণা করবেন এবং নির্ধারিত পিরিয়ডে এই পরীক্ষা গ্রহণ করবেন। কুইজ টেস্ট ক্লাস চলাকালীন যে কোন সময়ে গ্রহণ করা যাবে;
৫.১৪ প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠান প্রধান বোর্ডের নমুনা মোতাবেক একটি অগ্রগতি কার্ড পূরণ করার ব্যবস্থা নিবেন। বিভাগীয় প্রধান অথবা তাঁর মনোনিত কোন শিক্ষক এই অগ্রগতি কার্ড পূরণ করবেন। অগ্রগতি কার্ড মাঝে মাঝে শিক্ষার্থীদেরকে অবহিত করতে হবে।

**৬. চূড়ান্ত মূল্যায়ন:**
৬.১ প্রথম পর্ব সমাপনান্তে ১ম পর্ব সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা এবং ২য় পর্ব সমাপনান্তে ২য় পর্ব সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উভয় পরীক্ষার ক্ষেত্রে তাত্ত্বিক ও ব্যবহারিক বিষয়/বিষয়াংশের পরীক্ষার বিস্তারিত সময়সূচি (রুটিন) প্রণয়ন ও পরীক্ষার কেন্দ্র নির্বাচন করে বোর্ড বিজ্ঞপ্তি প্রকাশ করবে;
৬.২ প্রথম ও ২য় পর্বের পর্ব সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার প্রশ্নপত্র বোর্ড হতে পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব এর নিকট প্রেরিত হবে;
৬.৩ কোনো বিষয়ের তাত্ত্বিক অংশের লিখিত পরীক্ষার মূল্যায়ন নম্বর ৩০ (ত্রিশ) হলে পরীক্ষার সময় ০২ (দুই) ঘন্টা এবং মূল্যায়ন নম্বর ৬০ (ষাট) বা তদূর্ধ্ব হলে পরীক্ষার সময় ০৩ (তিন) ঘন্টা নির্ধারিত হবে। ব্যবহারিক বিষয়/কোনো বিষয়ের ব্যবহারিক অংশের পরীক্ষার সময় হবে ০৩ (তিন) ঘন্টা;
৬.৪ ব্যবহারিক বিষয়/বিষয়াংশের পর্ব সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (মোট নম্বরের শতকরা হার):

| মূল্যায়নের ক্ষেত্র | শতকরা |
|---|---|
| ব্যবহারিক কাজ | ৬০% |
| সংশ্লিষ্ট প্রতিবেদন | ২০% |
| মৌখিক পরীক্ষা | ১৫% |
| পরিস্কার পরিচ্ছন্নতা | ৫% |
| মোট= | ১০০% |

৬.৫ চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার ব্যবহারিক অংশের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ ইনভিজিলেটর নিয়োগ করবেন। পরীক্ষা শুরুর পূর্বে অনাভ্যন্তরীণ বিষয় শিক্ষক/বিশেষজ্ঞগণের তালিকা বোর্ডে প্রেরণ ও অনুমোদন নিতে হবে;
৬.৬ পর্ব সমাপনী পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে নির্ধারিত তারিখ ও দিনের পরীক্ষা শেষে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব ঐ তারিখ ও দিনেই উত্তরপত্রসমূহ সীলগালা করে বীমাকৃত পার্সেল ডাকযোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ

করবেন। তবে কোনো কারণে পরীক্ষা অনুষ্ঠানের দিন উত্তরপত্রসমূহ প্রেরণে ব্যর্থ হলে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব সংশ্লিষ্ট থানায় জিডি করে সীলগালাকৃত উত্তরপত্রসমূহ থানা/ট্রেজারীতে সংরক্ষণ করবেন এবং জিডির কপিসহ পরের দিন সীলগালাকৃত উত্তরপত্রসমূহ বীমাকৃত পার্সেল ডাকযোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রেরণ করবেন;

৬.৭ অনুষ্ঠিত ১ম ও ২য় পর্ব সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষার উত্তরপত্রসমূহ বোর্ডের ব্যবস্থাপনায় বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষক ও নিরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হবে;

৬.৮ প্রথম ও ২য় পর্বের ব্যবহারিক বিষয়ের পর্ব সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক যৌথভাবে তদারকি, মৌখিক পরীক্ষা গ্রহণ ও পরীক্ষার্থীদের নম্বর প্রদান করবেন। অভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক যৌথভাবে শিক্ষার্থীদের সম্পাদিত ব্যবহারিক কাজ, সংশ্লিষ্ট প্রতিবেদন ইত্যাদি মূল্যায়ন করবেন। অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক অভ্যন্তরীণ পরীক্ষকের সাথে আলোচনাক্রমে নম্বর প্রদান করবেন। এ বিষয়ে মতানৈক্য দেখা দিলে অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। মূল্যায়িত নম্বর বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে প্রেরণ করতে হবে;

৬.৯ তত্ত্বীয় ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর, তত্ত্বীয় পর্ব সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায় প্রাপ্ত নম্বর, ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর, ব্যবহারিক পর্ব সমাপনী/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও বাস্তব প্রশিক্ষণ বিষয়ে (২য় পর্বের ক্ষেত্রে প্রযোজ্য) প্রাপ্ত নম্বর একত্র করে বোর্ডের ব্যবস্থাপনায় ফলাফল প্রস্তুত এবং যথারীতি ফলাফল প্রকাশ করা হবে;

৬.১০ প্রথম পর্বের সমাপনী পরীক্ষায় শিক্ষার্থী অনধিক দুইটি বিষয়ে অকৃতকার্য হলেও ২য় পর্বে অধ্যয়ন করার সুযোগ পাবে এবং তারা ২য় পর্বের সমাপনী পরীক্ষার সময় ১ম পর্বের অকৃতকার্য বিষয়/বিষয়াংশের পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ করতে পারবে;

৬.১১ প্রথম পর্বের সমাপনী পরীক্ষায় কোন শিক্ষার্থী দুইয়ের অধিক বিষয়ে অনুত্তীর্ণ হলে তাকে পরবর্তী পর্ব সমাপনী পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;

৬.১২ প্রথম পর্বের সমাপনী পরীক্ষায় অনধিক দুইটি বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী ঐ বিষয়/বিষয়াংশে উত্তীর্ণ হলে তাকে ১ম পর্বের কৃতকার্য ঘোষণা করা হবে। কিন্তু ১ম পর্বের বিষয়/বিষয়াংশে কৃতকার্য হওয়া ব্যতিরেকে ২য় পর্বের পরীক্ষার বিষয়সমূহে কৃতকার্য হলে তার ২য় পর্বের ফলাফল ঘোষণা করা হবে। তবে ১ম ও ২য় পর্বের সকল বিষয়ে উত্তীর্ণ হলে তার সনদ প্রদান করা হবে;

৬.১৩ দ্বিতীয় পর্বের সমাপনী পরীক্ষায় কোন শিক্ষার্থী অনধিক দুইটি বিষয়ে অকৃতকার্য হলে তাকে পরবর্তী পর্ব সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়াংশের পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ করতে হবে। তবে দুইয়ের অধিক বিষয়ে অনুত্তীর্ণ হলে তাকে ২য় পর্বে অনিয়মিত শিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**৭. কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ** (ইন্টার্নশীপ/**শিল্প/প্রাতিষ্ঠানিক সংযুক্তি):**

৭.১ দ্বিতীয় পর্ব সমাপনী পরীক্ষার পরে শিক্ষার্থীবৃন্দ সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে ০৮ (আট) সপ্তাহব্যাপী বাস্তব প্রশিক্ষণ (ইন্টার্নশীপ /শিল্প/প্রাতিষ্ঠানিক সংযুক্তি) গ্রহণ করবেন। বাস্তব প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট শিল্প/প্রতিষ্ঠান এর মনোনীত প্রতিনিধি নির্ধারিত নম্বর অনুযায়ী শিক্ষার্থীদের বাস্তব প্রশিক্ষণ বিষয়ে মূল্যায়ন করবেন ও নম্বর প্রদান করবেন।

৭.২ শিক্ষার্থীরা যাতে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করতে পারে, সে বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কেন্দ্র সচেষ্ট থাকবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কেন্দ্র বাস্তব প্রশিক্ষণ বিষয়ের মূল্যায়িত নম্বর ০৭ (সাত) দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করবে ও প্রতিষ্ঠানে সংরক্ষণ করবে।

**৮. সনদ প্রদান:**

৮.১ প্রথম ও দ্বিতীয় ২য় পর্বের পরীক্ষায় সকল বিষয়ে কৃতকার্য হলে ধারাবাহিক মূল্যায়ন ও পর্ব সমাপনী পরীক্ষা এবং ট্রেড সংশ্লিষ্ট কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণে (ইন্টার্নশীপ) প্রাপ্ত CGPA-এর ভিত্তিতে বোর্ড নির্ধারিত বিন্যাস অনুযায়ী ফলাফল সংকলন করে সার্টিফিকেট কোর্সের সনদপত্র প্রদান করা হবে;

৮.২ সাময়িক সনদ/মূল সনদপত্র শিক্ষাক্রমের মেয়াদ উল্লেখসহ ইংরেজি ভাষায় প্রদান করা হবে;

৮.৩ সনদপত্রের নাম হবে Certificate in (সংশ্লিষ্ট ট্রেডের নাম)।

**৯. পর্ব উত্তরণ :**

৯.১ প্রথম পর্বের সমাপনী পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদেরকে ২য় পর্বের যথারীতি প্রমোশন দেয়া হবে;

৯.২ কোন শিক্ষার্থী ১ম পর্ব সমাপনী পরীক্ষায় অনধিক দুটি বিষয়ে অকৃতকার্য হলেও তাকে ২য় পর্বে প্রমোশন দেয়া হবে কিন্তু ২য় পর্বের পর্ব সমাপনী পরীক্ষার নির্ধারিত বিষয়াদির সাথে ১ম পর্বের অকৃতকার্য বিষয়/বিষয়াংশের পরীক্ষায় পুনরায় অংশগ্রহণ করতে হবে।

**১০. পুনঃভর্তি:**

১০.১ কোন শিক্ষার্থী ১ম পর্বে উত্তীর্ণ হওয়ার পর ২য় পর্বে অধ্যয়ন করা থেকে বিরত থাকলে ঐ শিক্ষার্থী ধারাবাহিকভাবে পরপর সর্বাধিক তিনবার ২য় পর্বে পুনঃভর্তি হয়ে অধ্যয়ন করার সুযোগ পাবে। পর্ব আরম্ভের ১৫ কার্যদিবসের মধ্যে পুনঃভর্তি সম্পন্ন করতে হবে;

১০.২ প্রথম পর্বে ধারাবাহিক মূল্যায়নে প্রতি বিষয়ের তাত্ত্বিক ও ব্যবহারিক অংশে কতৃকার্য না হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। তবে যে শিক্ষাবর্ষে ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হয়েছে তার অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনরায় ১ম পর্বে ভর্তি হতে পারবে। ১ম পর্বে পুনঃভর্তির এ সুযোগ কেবলমাত্র একবারই গ্রহণ করতে পারবে;

১০.৩ প্রথম পর্বের কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ হওয়ার কারণে অথবা শিক্ষা বিষয়ক পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে পর্ব সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ শিক্ষার্থী অব্যবহিত পরের শিক্ষাবর্ষের ১ম পর্বে পুনঃভর্তি হতে পারবে। এ সুযোগ পরবর্তী এক শিক্ষাবর্ষ পর্যন্ত গ্রহণ করা যাবে;

১০.৪ দ্বিতীয় পর্বে ধারাবাহিক মূল্যায়নে প্রতি বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশে কৃতকার্য না হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। তবে যে শিক্ষাবর্ষে ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য হয়েছে তার অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনরায় ২য় পর্বে ভর্তি হতে পারবে। এ সুযোগ কেবলমাত্র একবার গ্রহণ করা যাবে;

১০.৫ দ্বিতীয় পর্বের কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকার কারণে অথবা প্রতিষ্ঠানের শিক্ষা বিষয়ক পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে ২য় পর্বের পর্ব সমাপনী পরীক্ষায় ফরম পূরণে ব্যর্থ হলে ঐ শিক্ষার্থী অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনরায় ভর্তি হতে পারবে। ২য় পর্বে পুনঃভর্তির এ সুযোগ কেবলমাত্র একবার গ্রহণ করা যাবে;

১০.৬ কোন শিক্ষার্থী ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে তাকে পুনঃভর্তি হয়ে ক্লাস ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**১১. অনিয়মিত শিক্ষার্থী :**

১১.১ প্রথম পর্বের সমাপনী পরীক্ষায় তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরবর্তী ২য় পর্বের পরীক্ষার সময় অনুত্তীর্ণ বিষয়ে/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। এরূপ ছাত্রছাত্রীকে কেন্দ্রের নির্ধারিত ফি প্রদান করতে হবে;

১১.২ অনিয়মিত পরীক্ষার্থীগণ ধারাবাহিকভাবে বা পর্যায়ক্রমে পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে ধারাবাহিকতা বজায় রাখার জন্য তাকে বোর্ড নির্ধারিত সংযোগ রক্ষাকারী ফিসহ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আবেদন করতে হবে। এ সুযোগ রেজিষ্ট্রেশন মেয়াদ থাকা পর্যন্ত বহাল থাকবে;

১১.৩ দ্বিতীয় পর্বে পর্ব সমাপনী পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরবর্তী পর্ব সমাপনী পরীক্ষার সময় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এরূপ ক্ষেত্রে পরীক্ষার্থীদেরকে প্রতি বিষয়ের জন্য বোর্ডের নির্ধারিত ফি প্রদান করতে হবে।

**১২. পরীক্ষা অনুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলাবিধি:**

বোর্ড অনুমোদিত পরীক্ষানুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলা বিধি ও উপবিধি এই শিক্ষাক্রমের জন্য অনুসরণ করতে হবে।

**১৩. প্রাধিকার:**

১৩.১ এই প্রবিধানের কোন ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩.২ এ শিক্ষাক্রম কাঠামোতে বিষয়/বিষয়সমূহের পরিবর্তন, নবায়ন ও সংযোজন এবং নতুন পাঠ্যসূচি সংযোজন ও বিদ্যমান পাঠ্যসূচি বিয়োজন করার ক্ষমতা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

পরিশিষ্ট 'ক'

| ক্রমিক নং | সার্টিফিকেট কোর্স | ট্রেড কোড |
|---|---|---|
| ০১. | কেয়ারগিভিং (Caregiving) | ১৮ |
| ০২. | পোল্ট্রি ফার্মিং (Poultry Farming) | ১৯ |
| ০৩. | এনিমেল হেলথ্ এন্ড প্রোডাকশন (Animal Health and Production) | ২০ |